

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১১৭১

১০/ হজ

পরিচ্ছেদঃ রুকনদ্বয়ের মাহাত্ম

## আরবী

عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ أُحِبُّ أَنْ أَدْخُلَ الْبَيْتَ فَأُصلِّيَ فِيهِ، فَأَخَذَ رَسُول اللهِ عَلَيْ بِيدِي فَأَدْخَلَنِي الْحِجْرِ إِنْ أَرَدْتِ دُخُولَ الْبَيْتِ فَإِنَّمَا هُوَ قِطْعَةٌ مِنْ الْبَيْتِ وَلَكِنَّ قَوْمَكِ اسْتَقْصَرُوهُ حِينَ بَنَوْا الْكَعْبَةَ فَأَخْرَجُوهُ مِنْ الْبَيْتِ

## বাংলা

(১১৭১) আয়েশা (রাঃ) বলেন, একদা আমি আগ্রহ প্রকাশ করলাম যে, কা'বাগৃহে প্রবেশ করে নামায পড়ব। সুতরাং আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমার হাত ধরে হিজরে প্রবেশ করালেন এবং বললেন, কা'বাগৃহের ভিতরে নামায পড়তে চাইলে এখানে নামায পড়। যেহেতু এটিও কা'বাগৃহের একটি অংশ। কিন্তু তোমার সম্প্রদায় কা'বা নির্মাণের সয়ম সংক্ষেপ করে মূল অংশ থেকে বের করে দিয়েছে। (তিরমিয়ী ৮৭৬, নাসাঈ ২৯১৫)

অন্য এক বর্ণনায় আয়েশা (রাঃ) বলেন, আমি বললাম,

يَا رَسُولَ اللهِ أَلَا أَدْخُلُ الْبَيْتَ؟ قَالَ ادْخُلِي الْحِجْرَ فَإِنَّهُ مِنْ الْبَيْتِ

হে আল্লাহর রসূল! কা'বা ঘরে প্রবেশ করব না কি? তিনি বললেন, তুমি হিজরে প্রবেশ কর। তা কা'বা ঘরেরই অংশ। (নাসাঈ ২৯১৪)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👤 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন